দৈনিক
আমাদের সময়

তারিখ 26 JUL 2017
পৃষ্ঠা ৩ কলাম ২

# পাঠ্যপুস্তক থেকে রবীন্দ্রসাহিত্য ছেঁটে দিতে চায় আরএসএস

আন্তর্জাতিক ডেস্ক ●
ভারতের পশ্চিমবঙ্গে স্কুলের পাঠ্যবই থেকে রবীন্দ্রসাহিত্য ছেঁটে ফেলার সুপারিশ করেছেন বিজেপির আদর্শিক সংগঠন রাষ্ট্রীয় স্বয়ংসেবক সংঘের (আরএসএস) প্রবীণ নেতা দীননাথ বাত্রা। এ নিয়ে রাজ্যসভায় তুমুল বিতর্ক হয়। রাজ্যের শীর্ষ নেতা, কবি, সাহিত্যিক, সর্বোপরি সর্বস্তরের সাধারণ মানুষও আরএসএসের এমন আবদার মেনে নেয়নি। খবর হিন্দুস্তান টাইমস।



জানা গেছে, ন্যাশনাল কাউন্সিল অব এডুকেশন রিসার্চ অ্যান্ড ট্রেনিং বা এসসিইআরটির কাছে আরএসএসের শিক্ষা শাখা বিদ্যাভারতীর সাবেক প্রধান দীননাথ বাত্রার এমন সুপারিশের খবর বিভিন্ন সংবাদমাধ্যমে প্রকাশিত হয়। খবরে বলা হয়, দীননাথ দাবি করেছেন, পাঠ্যপুস্তক থেকে ইংরেজি, উর্দু ও আরবি শব্দ বাদ দেওয়া হোক। তার আক্রমণ থেকে অবশ্য বাদ যায়নি মকবুল ফিদা হোসেন, মির্জা গালিব থেকে মোগল আমলও। তার আরেক অভিযোগ, পাঠ্যপুস্তকে পক্ষপাতমূলক সিলেবাস তৈরি করা হয়েছে। রবীন্দ্রসাহিত্য নিয়ে তার অভিযোগ, রবীন্দ্রনাথ ঠাকুর জাতীয়তাবাদ ও মানবতাবাদের মধ্যে দ্বন্দ্ব তৈরির চেষ্টা করেছেন। পাঠ্যপুস্তক থেকে কী কী বাদ দিতে হবে, তা নিয়ে পাঁচ পৃষ্ঠার ফিরিস্তি তৈরি করেন তিনি। ছেঁটে ফেলার তালিকার মধ্যে অতীতে কংগ্রেসের ইতিবাচক দিকও রয়েছে।